



স্মারক নম্বর: ৩৮.০১.৭৩০০.০০০.০০০.১১.০০০১.২৫-১২৯৯

তারিখ: ১৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সহকারী পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা মহোদয়ের স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৬০১.১৯.২২.২৫-৪২৩, তারিখ: ১৫ নভেম্বর ২০২৫ এবং জেলা নিলাম কমিটির ২৯ এপ্রিল ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক পিটিআই, নীলফামারী-এর নিম্নলিখিত বর্ণিত ০২ (দুই) টি পুরাতন ভবন, যেখানে যে অবস্থায় আছে, তা নিলামে বিক্রয়ের জন্য আগামী ০৭ অক্টোবর ২০২৬ খ্রি. সকাল ১১:০০ টায় সুপারিনটেনডেন্ট, পিটিআই, নীলফামারী-এর অফিস চত্বরে নিম্নোক্ত শর্ত স্বাপেক্ষে প্রকাশ্যে নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। আগ্রহী নিলাম ডাককারীগণকে উল্লেখিত তারিখ ও সময়ে সশরীরে উপস্থিত থেকে নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ক্র. নং	পুরাতন ভবনের বিবরণ	নিলামের জন্য প্রাক্কলিত মূল্য	নিলাম ডাক গ্রহণের স্থান	নিলাম ডাক গ্রহণের তারিখ ও সময়
১	২	৩	৪	৫
০১	পিটিআই, নীলফামারী এর সুপার কোয়ার্টার	১,৯৮,৮১৪.০০ (এক লক্ষ আটানব্বই হাজার আটশত চৌদ্দ)	সুপারিনটেনডেন্ট, পিটিআই, নীলফামারী-এর অফিস চত্বর	তারিখ: ০৭ অক্টোবর ২০২৬ খ্রি. সময়: সকাল ১১:০০ টা
০২	পিটিআই, নীলফামারী এর পুরাতন হোস্টেল (পুরুষ)	৩,৫৮,৪৭৮.০০ (তিন লক্ষ আটান হাজার চারশত আটাত্তর)		

শর্তসমূহ

- ১। প্রকাশ্যে নিলাম ডাক আরম্ভ হওয়ার নির্ধারিত সময় সকাল ১১:০০ টার পূর্বেই নিলাম ডাককারীগণকে নগদ জামানত (ফেরতযোগ্য) হিসেবে সুপার কোয়ার্টার নিলাম ডাকের জন্য ৬০,০০০/- (ষাট হাজার) টাকা এবং পুরাতন হোস্টেল (পুরুষ) নিলাম ডাকের জন্য ১,০৮,০০০/- (এক লক্ষ আট হাজার) টাকা নিলাম ডাক পরিচালনাকারীর নিকট জমা প্রদান করে নিজ নিজ নাম, ঠিকানা, এনআইডি নম্বর ও মোবাইল নম্বর লিপিবদ্ধ করতে হবে।
- ২। নির্ধারিত সময়ের পর কোন ডাককারীর জামানত গ্রহণ করা হবে না। জামানত জমা প্রদান ব্যতীত কোন নিলাম ডাককারী নিলাম ডাকে অংশ গ্রহণ করতে পারবেন না।
- ৩। নিলাম কার্য সম্পন্ন হওয়ার পর অকৃতকার্য ব্যক্তি তার নিলাম ডাক জামানত ফেরৎ পাবেন। তবে কৃতকার্য ব্যক্তি তার নিলাম ডাক জামানত নিলাম কার্যাদেশ পাওয়ার পর এবং নিলাম ডাকের সমুদয় টাকা চালানোর মাধ্যমে নগদ জমা করার পর ফেরত নিতে পারবেন।
- ৪। প্রাক্কলিত মূল্যের কম মূল্যে কোন নিলাম ডাক গ্রহণ করা যাবে না।
- ৫। সর্বোচ্চ ডাককারীকে নিলাম ডাকের পর কার্যাদেশ প্রদান করা হবে। ঐ দিনই ডাকের সমুদয় টাকা চালানোর মাধ্যমে নগদ জমা দিতে হবে এবং টাকা জমা দিতে ব্যর্থ হলে জামানতের সমুদয় টাকা বাজেয়াপ্ত বলে গণ্য হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ ডাক দাতাকে কার্যাদেশ প্রদান করা হবে।
- ৬। সর্বোচ্চ নিলাম ডাককারীকে সরকারি বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট প্রদান করতে হবে।
- ৭। গৃহীত নিলাম ডাককারীকে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট হতে নিলাম ডাক অনুমোদিত হওয়ার পর পরবর্তী ১৫ (পনেরো) দিনের মধ্যে নিলামকৃত মালামাল নিজ দায়িত্বে অপসারণ করতে হবে।
- ৮। মালামাল অপসারণের সময় সরকারি/বেসরকারি/অন্য কোনো প্রতিষ্ঠানের স্থাপনার কোনো প্রকার ক্ষতি করা যাবে না।
- ৯। নিলাম সংক্রান্ত যাবতীয় তথ্যাদি প্রতিদিন অফিস চলাকালীন জানা যাবে।
- ১০। অনিবার্য কারণবশত নিলাম ডাকের তারিখ ও সময় পরিবর্তনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১১। কর্তৃপক্ষ যে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো ডাক গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


০৬/০৯/২৬

মোঃ রবিউল ইসলাম
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
নীলফামারী
ফোন: ০২৫৮৯৯৫৫১৩২
ই-মেইল: dpeonilph@gmail.com

স্মারক নম্বর: ৩৮.০১.৭৩০০.০০০.০০০.১১.০০০১.২৫-১২৯৯(৬)

তারিখ: ১৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।

২। জেলা প্রশাসক, নীলফামারী।

৩। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।

৪। সুপারিনটেনডেন্ট, পিটিআই, নীলফামারী।

৫। সম্পাদক, দৈনিক যায় যায় দিন, ঢাকা। বিজ্ঞাপনটি আপনার বহল প্রচারিত পত্রিকায় আগামী ১৭/০৯/২০২৬ তারিখে ভেতরের পাতায় ৪X৭" সাইজের মধ্যে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। এ বিজ্ঞপ্তি প্রচারের পর ০৩ (তিন) কপি পত্রিকা এবং বিল এ কার্যালয়ে দাখিল করবেন। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিল প্রদান করা হবে।

৬। সম্পাদক, নীলফামারী বার্তা, নীলফামারী। বিজ্ঞাপনটি আপনার বহল প্রচারিত পত্রিকায় আগামী ১৭/০৯/২০২৬ তারিখে ভেতরের পাতায় ৪X৭" সাইজের মধ্যে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। এ বিজ্ঞপ্তি প্রচারের পর ০৩ (তিন) কপি পত্রিকা এবং বিল এ কার্যালয়ে দাখিল করবেন। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিল প্রদান করা হবে।

৭। সংরক্ষণ নথি।


০৬/০৯/২৬
মোঃ রবিউল ইসলাম
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
নীলফামারী